তারিখ 04 MAY 1992
পৃষ্ঠা ৭ কলাম ৩

আজকের কাগজ

24

# উচ্চ মাধ্যমিক পরীক্ষা ঘোষিত তারিখেই হচ্ছে

**কাগজ প্রতিবেদক :** দেশের চারটি শিক্ষা বোর্ডে আগামী ২৫ জুন একযোগে উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ইতিমধ্যেই পরীক্ষা পিছানোর দাবিতে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা সদরে পরীক্ষার্থীরা মিছিল ও সমাবেশ করেছে। গতকাল কুমিল্লায় পরীক্ষার্থীদের আহবানে হরতালও পালিত হয়েছে।

ওদিকে শিক্ষা বোর্ড কর্মকর্তারা ঘোষিত তারিখেই পরীক্ষা অনুষ্ঠানের পক্ষে তাদের মতামত ব্যক্ত করেছেন। ঢাকা বোর্ডের সঙ্গে যোগাযোগ করা হলে শীর্ষস্থানীয় একজন কর্মকর্তা জানান, আমরা ঘোষিত তারিখেই পরীক্ষা নিতে চাই। যদি শিক্ষা মন্ত্রণালয় কোনো সিদ্ধান্ত চাপিয়ে না দেয়, তাহলে ঘোষিত তারিখেই পরীক্ষা হবে। তিনি বলেন, হাতে গোনা কিছু পরীক্ষার্থীর জন্যে বিপুল সংখ্যক পরীক্ষার্থীর দুর্ভোগ সৃষ্টির পক্ষপাতী আমরা নাই।

শিক্ষা মন্ত্রণালয় পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্নের জন্যে চার বোর্ডকে নির্দেশ দিয়েছে। জানা গেছে, অস্বাভাবিক কোনো পরিস্থিতির উদ্ভব না হলে ঘোষিত তারিখে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে শিক্ষা বোর্ডগুলোর সদিচ্ছার কমতি নেই।